

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ২২, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

সিটি কর্পোরেশন-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৮ চৈত্র ১৪২৪/১১ এপ্রিল ২০১৮

নং ৪৬.০০.০০০০.০৭০.০১৮.০০২.১৮-৪৯৯—স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সালের ৬০ নং আইন) এর ৪৭ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের দৈনন্দিন এবং অন্যান্য সেবামূলক কার্য পরিচালনা নিশ্চিত করার লক্ষ্যে উহার আওতাধীন সম্প্রসারিত অংশে নবগঠিত ১৮টি ওয়ার্ডকে নিম্নোক্ত অঞ্চলে বিভক্ত করিল :

ক্রমিক নং	অঞ্চল নম্বর	অঞ্চলভুক্ত ওয়ার্ডসমূহ
১	অঞ্চল-৬	৭৩, ৭৪, ৭৫
২	অঞ্চল-৭	৭০, ৭১, ৭২
৩	অঞ্চল-৮	৬৬, ৬৭, ৬৮, ৬৯
৪	অঞ্চল-৯	৬২, ৬৩, ৬৪, ৬৫
৫	অঞ্চল-১০	৫৮, ৫৯, ৬০, ৬১

(৪৮৫১)

মূল্য : টাকা ৪.০০

২। উক্ত অঞ্চলসমূহের প্রতিটিতে নিম্নোক্ত কার্যক্রম অন্তর্ভুক্ত হইবে :

- (ক) সাধারণ প্রশাসন : প্রশাসনিক কাজ
হিসাবরক্ষণ (কর্মচারীদের বেতন, অফিস পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত খরচ)
জোনের যানবাহন নিয়ন্ত্রণ
সমাজকল্যাণ (কমিউনিটি সেন্টার, পার্ক, পাঠাগার,
জিমনেশিয়াম, পাবলিক টয়লেট, শিশুকেন্দ্র, কবরস্থান,
শাশানঘাট, ইত্যাদি)
- (খ) প্রকৌশল (পুর) : পূর্তকাজসমূহ ও রক্ষণাবেক্ষণ
- (গ) প্রকৌশল (বিদ্যুৎ) : বৈদ্যুতিক কাজসমূহ ও রক্ষণাবেক্ষণ
- (ঘ) স্বাস্থ্য বিভাগ : প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, সম্প্রসারিত টিকাদান কর্মসূচী
দাতব্য চিকিৎসালয়
ভেজাল খাদ্য নিয়ন্ত্রণ
স্যানিটেশন
ভেটেরিনারী কার্যক্রম
জবাইখানা ব্যবস্থাপনা
জন্ম, মৃত্যু নিবন্ধিকরণ
মশক নিয়ন্ত্রণ
- (ঙ) কনজারভেঙ্গী : আবর্জনা পরিষ্কার ও পরিচ্ছন্নকরণ
স্যানিটারী ল্যান্ড ফিলিং
ডাম্পিং গ্রাউন্ড রক্ষণাবেক্ষণ
- (চ) রাজস্ব : পৌরকর নির্ধারণ ও আদায়
লাইসেন্স প্রদান ও ফিস আদায়
বিজ্ঞাপন সংক্রান্ত
- (ছ) বস্তি উন্নয়ন : ভৌত অবকাঠামো উন্নয়ন
পানীয় জল ও স্যানিটেশন ব্যবস্থা
আত্র-কর্মসংস্থানে সহায়তা প্রদান, উদ্বুদ্ধকরণ ও প্রশিক্ষণ

৩। ইহা বাস্তবায়নের লক্ষ্যে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন অবিলম্বে কার্যকর পদক্ষেপ গ্রহণ করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহমুদুল আলম
উপসচিব।